



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

“শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ”
অফিসঃ
মহা-ব্যবস্থাপক প্রশিক্ষণ এর দপ্তর,
বিউবো, বিদ্যুৎ ভবন (১০ম তলা),
১নং, আবদুল গনি রোড, ঢাকা।
ফোনঃ ৯৫৭৩৪৪৪ (অফিস)

স্মারক নং-২৭.১১.০০০০.২০১.০১.০০১.১৮. ৫৯০

তারিখঃ ০৫/০৫/২০১৮ইং

বরাবর

প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক/পরিচালক

.....
.....

বিষয়ঃ “Training on Coal Based Power Plant” শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রমের বিপরীতে বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক বিউবো’র সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী কর্মকর্তাদের আবেদন পত্র প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন-২০২১ অনুযায়ী ২৪,০০০ মেঃওঃ ও ভিশন-২০৪১ অনুযায়ী ৬০,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড “কয়লা ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পরিচালনা এবং সংরক্ষণে” দক্ষ প্রকৌশলী গড়ে তোলার কার্যক্রম গ্রহণ করেছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে “Training on Coal Based Power Plant” শীর্ষক ০৩ (তিন) মাস মেয়াদী বৈদেশিক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক আপনার আওতাধীন দপ্তর/পরিদপ্তর এবং বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত শুধুমাত্র সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী এবং নির্বাহী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাদের বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত ছক অনুসারে আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। আবেদনের তারিখে আবেদনকারীর বয়স ৪০(চল্লিশ) বছরের মধ্যে হতে হবে।
- ২। সহকারী প্রকৌশলী পদে চাকুরী স্থায়ী হতে হবে।
- ৩। প্রশিক্ষণ গ্রহণের পর ন্যূনতম ৫(পাঁচ) বছর কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রে কাজ করার অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

এমতাবস্থায়, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনার আওতাধীন দপ্তরের কর্মকর্তাদের মনোনয়ন মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ, বিউবো, ঢাকা বরাবর আগামী ৩১/০৫/২০১৮ইং তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, অন্য নির্বাহী প্রকৌশলী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ দপ্তরে আবেদনপত্র প্রেরণ করবেন তবে আবেদন পত্রের অন্য কপি সরাসরি মহা-ব্যবস্থাপক, প্রশিক্ষণ দপ্তরে প্রেরণ করা যাবে। ইতোপূর্বে যারা ০৫ বছরের বন্ড সাপেক্ষে বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন এবং বন্ডের মেয়াদ এখনো শেষ হয়নি উক্ত কর্মকর্তাদের আবেদন করার প্রয়োজন নেই।

ছক :

- ১। নাম (আইডি সহ) :
(বাংলা ও ইংরেজী, Block letter)
- ২। শিক্ষাগত যোগ্যতা (বিভাগসহ) :
- ৩। পিতার নাম :
- ৪। পদবী :
- ৫। কর্মস্থল :
- ৬। স্থায়ী ঠিকানা :
- ৭। জন্ম তারিখ :
- ৮। বিউবোতে যোগদানের তারিখ :
- ৯। বিউবো’র চাকুরীতে স্থায়ী করণ করা হয়েছে : হ্যাঁ / না
কিনা
- ১০। মে’২০১৮ইং তারিখে বয়স :
- ১১। পূর্বে বিদেশ ভ্রমণের বৃত্তান্ত : কোন বিদ্যুৎ কেন্দ্রের বিপরীতে বৈদেশিক প্রশিক্ষণ/পরিদর্শন (“Operation & Maintenance”) আছে
কিনা উল্লেখপূর্বকঃ
- ১২। আবেদনকারীর নাম, মোবাইল, ই-মেইল :
সহ স্বাক্ষর ও তারিখ :

নির্দেশনামে

(মোঃ আজিজুল হক)
মহা-ব্যবস্থাপক
প্রশিক্ষণ, বিউবো, ঢাকা।
তারিখঃ ০৫/০৫/২০১৮ইং

স্মারক নং-২৭.১১.০০০০.২০১.০১.০০১.১৮. ৫৯০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। সদস্য, প্রশাসন/পিএস ডি/কোম্পানী এ্যাক্সেসারি/বিতরণ/উৎপাদন/অর্থ, বিউবো, ঢাকা।
- ২। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, বিউবো, ঢাকা। বর্ণিত পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। দপ্তর নথি।

উপ-পরিচালক(অতিঃ দায়িত্ব)
প্রশিক্ষণ, বিউবো, ঢাকা।